



আটলান্টিকের নাম বদলে নিজের নাম রাখতে গুগল সিইওকে ফোন ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

আটলান্টিক মহাসাগরের নাম পরিবর্তন করে নিজের নাম রাখার প্রস্তাব নিয়ে গুগলের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) সুন্দর পিচাইকে ফোন করেছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে প্রস্তাবে রাজি হননি পিচাই। দক্ষিণ ক্যারোলিনায় এক রাজনৈতিক সমাবেশে ট্রাম্প নিজেই এ ঘটনা জানান। সমাবেশে ট্রাম্প বলেন, আটলান্টিক মহাসাগরের নাম বদলে নিজের নামে রাখার বিষয়টি নিয়ে তিনি পিচাইয়ের সঙ্গে কথা বলেছিলেন। তবে গুগল সিইও তাঁকে জানান, মহাসাগরের নাম পরিবর্তন করা সম্ভব নয়। কারণ, আটলান্টিক অনেক দেশের সীমানাজুড়ে বিস্তৃত। ট্রাম্প সমাবেশে বলেন, আমি আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকেই বেশি পছন্দ করি। অন্য কোনো জলাশয়ের সঙ্গে নিজের নাম বা যুক্তরাষ্ট্রের নাম জুড়ে দেওয়ার আগ্রহ নেই বলেও জানান তিনি। এ কারণে আটলান্টিকের নাম পরিবর্তনের বিষয়টি নিয়ে ভাবছিলেন। এর আগে ট্রাম্পের নির্বাহী আদেশে মেক্সিকো উপসাগরের নাম পরিবর্তন করে ‘গালফ অব আমেরিকা’ রাখা হয়। কানাডার সঙ্গে বাণিজ্য বিরোধের সময় লেক অন্টারিওর নাম ‘লেক আমেরিকা’ করার উদ্যোগও নিয়েছিলেন তিনি। গুগল ম্যাপসে যুক্তরাষ্ট্রের ব্যবহারকারীদের জন্য মেক্সিকো উপসাগরের নতুন নাম দেখানো হয়। তবে মেক্সিকো ও কানাডার ব্যবহারকারীরা আগের নামই দেখতে পান। যুক্তরাষ্ট্রের ম্যাপে নতুন নামের পাশাপাশি বন্ধনীর মধ্যে পুরোনো নামও রাখা হয়েছে। এসব পরিবর্তন নিয়ে গুগল সমালোচনার মুখে পড়ে। আটলান্টিক মহাসাগরের নাম পরিবর্তনের প্রস্তাব নিয়ে ট্রাম্পের বক্তব্যের বিষয়ে গুগলের প্রতিক্রিয়া জানতে যোগাযোগ করেছে ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান।